

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালকের কার্যালয়
মৎস্য অধিদপ্তর
খুলনা বিভাগ, খুলনা
fisheries.khulnadiv.gov.bd

তারিখ: ৫ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
১৯ মে ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.০০০.৩০৪.১৭.০০০১.২৪.৪৭০

বিষয়: “ইনোভেশন শোকসিং ২০২৫” এর মাধ্যমে মৎস্য অধিদপ্তর, খুলনা বিভাগ, খুলনা আওতাধীন কর্মকর্তা-কর্মচারীগণের উপস্থাপিত ধারণাসমূহের মধ্য হতে শ্রেষ্ঠ উদ্ভাবন বাছাই প্রসঙ্গে।

সূত্র: নিম্নস্বাক্ষরকারীর দপ্তরের স্মারক নং-৩৩.০২.০০০০.০০০.৩০৪.৪২.০০০১.২২.৩৫৬, তারিখ-৩০ এপ্রিল ২০২৫খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মৎস্য অধিদপ্তর, খুলনা বিভাগের কর্মকর্তা-কর্মচারীগণের নিকট হতে প্রাপ্ত উদ্ভাবনী ধারণাসমূহের মধ্য হতে বিগত ০৭ মে ২০২৫খ্রি. আয়োজিত “ইনোভেশন শোকসিং ২০২৫” এ মোট ১২ (বার) টি উদ্ভাবনী ধারণা প্রবক্তাগণ কর্তৃক উপস্থাপিত হয়। মৎস্য অধিদপ্তর, খুলনা বিভাগের আয়োজনে উক্ত শোকসিংয়ে উপস্থাপিত ধারণাসমূহের মধ্য হতে নিম্নের তিনটি উদ্ভাবনী ধারণাকে শ্রেষ্ঠ উদ্ভাবনী ধারণা হিসেবে পুরস্কৃত করার সিদ্ধান্ত গৃহণ করা হয়।

ক্রমিক নম্বর	উদ্ভাবকের নাম, পদবী ও কর্মস্থল	উদ্ভাবনী ধারণার শিরোনাম	উদ্ভাবনী ধারণার সারসংক্ষেপ	উদ্ভাবনী ধারণার বর্তমান অবস্থা	খুলনা বিভাগের শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ ক্রমে অবস্থান
১।	মোঃ গোলাম সরোয়ার সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সদর, ঝিনাইদহ	ডিজিটাল প্ল্যাটফর্মে মৎস্য ই-সেবা কেন্দ্র প্রতিষ্ঠা সদর, ঝিনাইদহ	মৎস্য খামারীদের উদ্ভূত সমস্যা নিরসনে মৎস্য খামারীদের নিয়ে Whats App গ্রুপ তৈরির মাধ্যমে অনলাইন প্ল্যাটফর্মে মৎস্য খামারীদের যাবতীয় সমস্যা, চাহিদা অনুযায়ী পরামর্শ সেবা প্রদান।	কার্যক্রম চলমান আছে। ২০-০৩-২০২৪ খ্রি. তারিখে গ্রুপ খোলা হয়েছে, বর্তমান সদস্য সংখ্যা ২০৯ জন। এখন পর্যন্ত ২৯৩টি সেবা প্রদান করা হয়েছে।	১ম
২।	মোঃ শফিকুল ইসলাম সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সাতক্ষীরা সদর, সাতক্ষীরা।	ফুড কার্টের মাধ্যমে ভ্যালু অ্যাডেড ফিশ প্রোডাক্ট বিক্রয়	বাংলাদেশের বিশ্ববিদ্যালয়ে পড়ুয়া ছাত্র-ছাত্রীদের ৯৮.৫% এর মধ্যেই ফাস্টফুড খাওয়ার ব্যাপকতা রয়েছে। কিন্তু দুঃখজনন হলেও সত্য যে, বাংলাদেশের রেস্টুরেন্টগুলোতে এখনও মাছের ভ্যালু অ্যাডেড প্রোডাক্টের প্রচলন সেভাবে শুরু হয়নি। অথচ মাছ একটি উচ্চ আর্নিষ সমৃদ্ধ, দামে সস্তা এবং কম চর্বিযুক্ত একটি নিরাপদ খাদ্য। মাছের ভ্যালু চেইনের ক্ষতি কমানো এবং উঠতি বয়সীদের খাদ্য তালিকায় নিরাপদ, মানসম্ম ও পুষ্টিসমৃদ্ধ মৎস্যজাত পণ্য নিশ্চিত করার লক্ষ্যে এই ধারণাটি উপস্থাপন করা হয়েছে।	ইতোমধ্যে উপজেলা পরিষদ হতে ফান্ড পাওয়া গিয়েছে, শিঘ্রই সাতক্ষীরা সদর উপজেলায় ভ্যালু অ্যাডেড ফিশ প্রোডাক্ট বিক্রয়ের পাইলটিং শুরু হবে।	২য়

৩।	রিপন কুমার ঘোষ সিনিয়র উপজেলা মৎস্য অফিসার যশোর সদর, যশোর	ইউটিউবে ভিডিও কনটেন্ট প্রকাশের মাধ্যমে মৎস্যচাষ সংক্রান্ত পরামর্শ সেবা প্রদান	মৎস্যচাষ প্রযুক্তি ও মৎস্যচাষের বিভিন্ন বিষয় সহজবোধ্য করে বাংলা ভাষায় ভিডিও কনটেন্ট তৈরী করে ইউটিউবে প্রকাশের মাধ্যমে মৎস্যচাষীদের পরামর্শ সেবা প্রদান। ইউটিউবে মৎস্যচাষ সংক্রান্ত চ্যানেল (মৎস্য চাষের কথা) এর মাধ্যমে সেবা প্রদান নিশ্চিতকরা।	”মাছ চাষের কথা “ নামক ইউটিউব চ্যানেলের মাধ্যমে কার্যক্রম চলমান আছে। চ্যানেলটিতে ইতোমধ্যে মাছ চাষ বিষয়ক অনেকগুলি ভিডিও কনটেন্ট আপলোড করা হয়েছে, যার মাধ্যমে চাষিরা সেবা পাচ্ছেন।	৩য়
----	--	---	--	--	-----

বিষয়টি আপনার সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমন্ত অবহিত করা হলো।

১৯-০৫-২০২৫

মোঃ জাহাঙ্গীর আলম
পরিচালক (চলতি দায়িত্ব)

মহাপরিচালক

মহাপরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর।

দৃষ্টি আকর্ষণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

উপপরিচালক, ই-সার্ভিস এন্ড ইনোভেশন শাখা, মৎস্য অধিদপ্তর।

স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.০০০.৩০৪.১৭.০০০১.২৪.৪৭০/১ (৩)

তারিখ: ৫ জ্যেষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
১৯ মে ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১। জেলা মৎস্য অফিসার, যশোর/সাতক্ষীরা/ঝিনাইদহ।
- ২। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, ঝিনাইদহ সদর/সাতক্ষীরা সদর/যশোর সদর।
- ৩। সংশ্লিষ্ট, নথি।



১৯-০৫-২০২৫
মোহাম্মদ মঞ্জুরুল ইসলাম
সহকারী পরিচালক